



7002 - 'লাওহে মাহফুয' বলতে কি বুঝায়? এর অর্থ কি?

প্রশ্ন

সূরা বুরুজেরে ২২ নং আয়াত **فِي لَوْحٍ مَّحْفُوظٍ** (অর্থ-লাওহে মাহফুযে তথা সুরক্ষতি ফলকে রয়েছে) এর বস্তিতারতি ব্যাখ্যা বড় বড় আলমেতে তাফসীরসহ জানতে চাই। যমেন- ইবনে কাছরি বা তাবারী।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

ইবনে মানযুর বলেন:

لوح (লাওহ): “কাঠেরে প্রশস্ত যবে কোন পৃষ্ঠকে লাওহ বলাে।”

আযহারি বলেন: কাঠেরে পৃষ্ঠকে লাওহ বলা হয়। কাঁধেরে হাড়েরে ওপর যদি কিছু লখো হয় সটোকো লাওহ বলা হয়।

যটোর উপর কিছু লখো হয় সটোই লাওহ।

اللوح الدبابة উদ্দেশ্য- المحفوظ (সুরক্ষতি ফলক)। যমেনটি আয়াতে কারীমাতে এসছে **فِي لَوْحٍ مَّحْفُوظٍ** (অর্থ-সুরক্ষতি ফলকে রয়েছে)। অর্থাৎ আল্লাহ তাআলার ইচ্ছাসমূহেরে সংরক্ষণাগার।

প্রত্যকে প্রশস্ত হাড়কি লাওহ বলা হয়।

শব্দটির বহুবচন হচ্ছে- ألواح

আর الأويح হচ্ছে- جمع الجمع (বহুবচনের বহুবচন)।

দুই:

ইবনে কাছরি (রহঃ) বলেন:

**فِي لَوْحٍ مَّحْفُوظٍ** (অর্থ-লাওহে মাহফুযে তথা সুরক্ষতি ফলকে রয়েছে): অর্থাৎ এটি উচ্চ পরিশিদি কর্তৃক সংযোজন, বয়োজন, বকিত্তিও পরবির্তন থেকে সংরক্ষতি।[তাফসিরে ইবনে কাছরি (৪/৪৯৭, ৪৯৮)]



তনি:

ইবনুল কাইয়যমে (রহঃ) বলেন:

আল্লাহর বাণী: مَحْفُوظٌ (সংরক্ষিত): অধিকাংশ ক্বারীগণ শব্দটিকে لوح শব্দরে صفة হিসেবে جَرَّ দিয়ে পড়ছেন। এর মধ্য ইঙ্গিত রয়েছে যে, শয়তানদের পক্ষের কুরআন নিয়ে অবতীর্ণ হওয়া সম্ভব নয়। কারণ কুরআন যে স্থানে রয়েছে সে স্থানটি শয়তান সেখানে পৌঁছা থেকে সংরক্ষিত। এবং কুরআন নিজের সংরক্ষিত; কোন শয়তান এতে সংযোজন-বিয়োজন করার ক্ষমতা রাখেনা।

তাইতো আল্লাহ তাআলা তাঁর বাণীতে কুরআনকে সংরক্ষিত উল্লেখ করেছেন: “নশ্চয় আমরা স্মরণকাটিনাযলি করছি। নশ্চয় আমরা এর হফেযতকারী”। [সূরা হজির, আয়াত: ০৯] আর এ সূরাতে আল্লাহ তাআলা কুরআনে কারীম যে স্থানে রয়েছে সে স্থানকেও সংরক্ষিত উল্লেখ করেছেন।

এভাবে আল্লাহ তাআলা কুরআন যে আধারে রয়েছে সে আধার সংরক্ষণ করেছেন এবং কুরআনকেও যাবতীয় সংযোজন, বিয়োজন ও পরিবর্তন থেকে হফেযত করেছেন। কুরআনের শব্দাবলি যভাবে হফেযত করেছেন অনুরূপভাবে কুরআনের অর্থকেও বকিত থেকে হফেযত করেছেন। কুরআনের কল্যাণে এমন কিছু ব্যক্তিকে নিয়োজিত করেছেন যারা কোন প্রকার বাড়তি বা কমতি ছাড়া কুরআনের হরফগুলো মুখস্বত রাখেন এবং এমন কিছু ব্যক্তি নিয়োজিত করেছেন যারা কুরআনের অর্থকে বকিত ও পরিবর্তন থেকে হফেযত করেন।” [দখুন: আত-তবিইয়ান ফি আকসামলি কুরআন, পৃষ্ঠা-৬২]

চার:

কিছু কিছু তাফসিরে এসেছে যে, ‘লওহে মাহফুয’ হচ্ছে- ইসরাফিলের কপাল; অথবা সবুজ রঙের মণি দিয়ে তৈরি এক প্রকার সৃষ্টি; কিংবা এ জাতীয় অন্যান্য ব্যাখ্যা— এসব বক্তব্য সাব্যস্ত নয়। এটি অদৃশ্যের বিষয়। যার কাছে ওহী আসত তিনি ছাড়া অন্য কারো কাছ থেকে গায়বে বা অদৃশ্যের ব্যাপারে কোন তথ্য গ্রহণ করা যাবে না।

আল্লাহই ভাল জানেন।